## 'হিসাব'-এর বিশেষ মূল্য হ্রাস

অটোমেশন ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ কমপিউটার সমিতি আয়োজিত কমপিউটার এক্সিবিশন উপলক্ষে তাদের প্রণীত একাউন্টিং সফটওয়্যার "হিসাব" এর বিশেষ মূল্য হ্রাস ঘোষণা করেছেন। যে সব প্রতিষ্ঠান এক্সিবিশন চলাকালে যে কোন কমপিউটারে প্রদর্শনীর মাধ্যমে 'হিসাব' সফটওয়্যারের ক্রয়াদেশ প্রদান করলে এই মূল্য হ্রাসের সুযোগ পাবেন। এই উপলক্ষে ৩০% পর্যন্ত মূল্য হ্রাস দেয়া হবে। ❁

## বিসিএস-এর সেমিনার

২৫শে অক্টোবর বুয়েটের সেমিনার রুমে বাংলাদেশ কমপিউটার সোসাইটি আয়োজিত 'ইউজার সাপোর্ট সার্ভিসেস' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়ে গেল। ড. জামিলুর রেজা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে মূল বক্তব্য পাঠ করেন নর্থ-সাউথ ইউনিভার্সিটির প্রেসিডেন্টের বিশেষ সহকারী ড. উড্রো ই. ডেনহান।

ড. ডেনহান তথ্য প্রযুক্তির সার্ভিসকে সমন্বিত করে এর সুফল সকলের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রশিক্ষণ জোরদার করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি তথ্য সার্ভিস সংক্রান্ত প্রতিনিধি এবং সম্পৃক্ত সকলকে কৌশলগত প্রশিক্ষণ এবং সকলের জন্য ব্যবহারিক প্রশিক্ষণ প্রদানের কথা বলেন। তথ্য সার্ভিসের সমস্যাবলী সকল ধরনের ব্যবহারকারীর নিকট স্বচ্ছ হওয়া বাঞ্ছনীয় বলে তিনি উল্লেখ করেন। এতে সকলক্ষেত্রে উন্নত সার্ভিস প্রদান এবং গ্রহণ সম্ভব।

অনুষ্ঠানে বহু বিশিষ্ট কমপিউটার পেশাজীবী উপস্থিত ছিলেন। ❁

## ওরাকল ভিডিও সার্ভার

কর্পোরেট নেটওয়ার্কে ব্যবহারকারীগণ এখন 'ওরাকল ভিডিও সার্ভার' ব্যবহার করে রিয়েল-টাইম, ফুল-স্ক্রীণ ভিডিও এবং হাই-ফাইডেলিটি অডিও সংরক্ষণ, সংশোধণ বা ব্যবহার করতে পারবেন। ওরাকল ৭ রিলিজ ৭.৩-এ ওরাকল ভিডিও সার্ভার ব্যবহার করে সচারচর ব্যবহৃত ডাটা মডেলে উচ্চ-মানসম্পন্ন অডিও এবং ভিডিও ব্যবহার করা যাবে। আরো পাওয়া যাবে ওরাকলের বহু ফীচার সাথে সাপোর্ট সুবিধা। ❁

## Novell-এর GroupWise 5

নোভেল তার নতুন গ্রুপওয়্যার পণ্য গ্রুপওয়াইজ ৫ বাজারে ছেড়েছে। এতে ইন্টারনেট এবং ইন্ট্রানেটে এক্সেসের চমৎকার সুবিধাসহ বহুবিধ নতুন ফীচার রয়েছে।

"নোভেলের যে কোন সময়, যে কোন স্থান থেকে জনগণকে তথ্যে সহজে এক্সেস করার সুবিধা প্রদানের ভিশন রয়েছে" বলেছেন ডেরেক কু, আসিয়ান অঞ্চলের ম্যানেজিং ডিরেক্টর। এ লক্ষ্য সামনে রেখেই তৈরি হয়েছে গ্রুপওয়াইজ ৫। ❁

## প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে

চট্টগ্রাম বন্দর প্রশিক্ষণ ইনিস্টিটিউট আয়োজিত কমপিউটার অপারেটরদের প্রশিক্ষণ কোর্স- ১ এবং রেডিও টেলিফোন অপারেটরস কোর্স-৪১ এ অংশগ্রহণকারী কৃতকার্য প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

ইনিস্টিটিউট মিলনায়তনে সম্প্রতি অনুষ্ঠিত সনদপত্র বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) জনাব মোঃ গোলাম রসুল আশা প্রকাশ করেন যে, প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ব্যবস্থাপক (প্রশিক্ষণ) আলহাজ্ব মোঃ জেড. এ. হাওলাদার এবং নির্বাহী প্রকৌশলী অরুণ কুমার ভট্টাচার্য। ❁

## ইলেকট্রনিক্স এন্ড কমপিউটার্স ফিলিপস-এর পরিবেশক

ঢাকার কমপিউটার প্রতিষ্ঠান ইলেকট্রনিক্স এন্ড কমপিউটার্স ইস্কাটনের টি এম সি বিল্ডিং-এ নতুন অফিস স্থাপনের অব্যবহিত পরেই নতুন অবয়বে বাজারে প্রবেশ করছে। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন ভুইয়া জানান বর্তমানে তারা ফিলিপস কমপিউটার বাজারজাত করার জন্য প্রস্তুতি নিয়েছে। ইলেকট্রনিক্স এন্ড কমপিউটার্স ফিলিপস এশিয়া প্যাসিফিক এর পরিবেশক হিসেবে উক্ত ব্র্যান্ডের সিস্টেম বাজারজাত করবে। তিনি জানান ফিলিপস প্রদত্ত তিন বছরের ওয়ারেন্টিসহ পিসির সকল সার্ভিস তারা প্রদান করবে।

জনাব মহিউদ্দিন আরো জানান, ব্র্যান্ডেড মেশিনের মধ্যে ফিলিপস-এর দাম অত্যন্ত আকর্ষণীয় এবং গুণগতমান অত্যন্ত ভাল। সাধারণ ও মাল্টিমিডিয়া পিসির পাশাপাশি প্রতিষ্ঠান ফিলিপস-এর সার্ভারও বাজারজাত করবে।

তিনি বলেন, সামনের বিসিএস শো '৯৬-এ তাঁর প্রতিষ্ঠান অংশ নেবে এবং সফল শো-এর ব্যাপারে তিনি আশাবাদী। ❁


MCE offers special training on :

★ Hardware Maintenance & Trouble Shooting
★ Diploma in Computer (1 Year)
★ Six Months Certificate Course
★ Individual Courses :
Wordperfect, Lotus 1-2-3, dBASE(Prog.), DOS, BASIC (Prog.), Windows, Ms-Word, Ms-Excel, Foxpro(Prog.)

প্রশিক্ষক : ইঞ্জিঃ মোঃ মমিনুল হক
লেখক : কম্পিউটার হার্ডওয়্যার ও ট্রাবলসুটিং

★ We Provide services :
Servicing & Maintenance
Network Installation & Servicing
Computer Rental

COMPUTER CLUB
BE A MEMBER AND LEARN COMPUTER

CALL 841421

Microware Computers & Electronics
20/1, New Eskaton (Opp. to Passport Office), Dhaka-1000. Branch Office : Court Road B.Baria.

## HP'র খবর

ক্যালিফোর্নিয়াভিত্তিক হিউলেট প্যাকার্ড কোম্পানির একজন মুখপাত্র জানিয়েছেন এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে আগামী ৩ বছর পর্যন্ত বছরে ৩৫% আয় বেড়ে ১৯৯৬ সালে ১৮০ কোটি ডলার থেকে ১৯৯৯ সালে ৪৪০ কোটি ডলারে দাঁড়াবে। সবচেয়ে উল্লেখযোগ্য বাজার দাঁড়াবে ভারত, চীন এবং ইন্দোনেশিয়ায়। এ বছরে দ্বিতীয় কোয়ার্টারে এইচপি কম্প্যাক এবং আইবিএমকে ছাড়িয়ে চীনে পিসি বিক্রিতে শীর্ষস্থান দখল করেছে। বাজারে তার অংশ ছিল ১১.৪%।

এইচপির মতে আমেরিকার কর্পোরেট ডেস্কটপ পিসি বাজারের ১৪.৮% দখল করে তারা এখন ২য় শীর্ষ অবস্থানে রয়েছে। গত বছরের এ সময়ের তুলনায় এ বছর তাদের ইউনিট বিক্রি বেড়েছে ৭৫%। উল্লেখ্য এইচপি তার আয়ের শতকরা প্রায় ১০ ভাগ গবেষণা এবং উন্নয়নকাজে ব্যয় করে থাকে। ❀

## ওরাকল অন-লাইন বাণিজ্যিক সফটওয়্যারের ঘোষাণা দিয়েছে

সম্প্রতি ওরাকল কয়েক ধরনের অন-লাইন বাণিজ্যিক সফটওয়্যারের ঘোষণা দিয়েছে। এসব সফটওয়্যারের মাধ্যমে পরিপূর্ণভাবে অন-লাইন সেবা দানের জন্য কোম্পানিটি আরো কয়েকটি কমপিউটার কোম্পানির সাথে যৌথভাবে কাজ করবে। কোম্পানিটি এর ডাটাবেজ সফটওয়্যারসহ অন্যান্য বাণিজ্যিক সফটওয়্যারকে অন-লাইনে ব্যবহারের জন্য দ্রুতলয়ে উন্নয়ন প্রক্রিয়া অব্যাহত রেখেছে। ওরাকলের এসব সফটওয়্যার বিদ্যমান কমপিউটার সুবিধাদি সহযোগে ব্যবহার করা যাবে। ❀

## ইন্টেল কর্পোরেশন P55C আর্কিটেকচারের ঘোষণা দিয়েছে

ইন্টেল কর্প. নতুন প্রজন্মের পেন্টিয়াম প্রসেসরের ঘোষণা দিয়েছে। এ প্রসেসরের কোড নাম হল P55C এবং বর্তমানে ইন্টেল পরিবারের কাছে এটি এমএমএক্স পেন্টিয়াম প্রসেসর নামে পরিচিত। ১৯৯৭ সালের শুরুতে এ প্রসেসর বাজারজাত করা হবে। ইন্টেলের এমএমএক্স কৌশল সহযোগে এটাই হবে প্রথম প্রসেসর। মাল্টিমিডিয়া এপ্লিকেশনের জন্য এ প্রসেসর খুব উপযোগী হবে। তাছাড়া এতে আর্কিটেকচারগত অনেক পরিবর্তন এনে দক্ষতা বাড়ানো হবে। প্রথম P55C প্রসেসরের ক্লকস্পীড হবে ২০০ মেগাহার্টজ (ডেস্কটপ পিসির জন্য) এবং নোটবুক কমপিউটারের জন্য ব্যবহৃত প্রসেসরের স্পীড হবে ১৬৬ মেগাহার্টজ। পেন্টিয়ামে ব্যবহৃত বাইসিমস কৌশলের পরিবর্তে এ প্রসেসরে শুধু সিমস কৌশল ব্যবহৃত হবে। এ প্রসেসরে তুলনামূলকভাবে বড় ধরনের ক্যাশ ব্যবহার করা হবে। ❀

## 'প্রোফিউশন'কে সাহায্য করবে তিনটে বড় কোম্পানি

করোলারী ইনক্ উদ্ভাবিত 'প্রোফিউশন' (এইট ওয়ে পেন্টিয়াম প্রো মাল্টিপ্রসেসিং আর্কিটেকচার) এর উৎপাদন এবং বিপণনের জন্য ইনটেল, মাইক্রোসফট এবং এসসিও সম্প্রতি যৌথভাবে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে। প্রোফিউশন প্রো এর উত্থান সফল হলে মাল্টিপ্রসেসিং-এ RISC-ভিত্তিক মিডরেঞ্জ সিস্টেমের বিকল্প ধারা তৈরির সম্ভাবনা বাড়বে। ❀

## ব্রাহ্মণবাড়িয়ায় কমপিউটার টাচের উদ্যোগে ফ্রি ওয়ার্কশপ

ব্রাহ্মণবাড়িয়ার প্রথম ও বৃহত্তম কমপিউটার প্রশিক্ষণ প্রতিষ্ঠান 'কমপিউটার টাচ' গত ৪ অক্টোবর ১৯৯৬ তারিখে কমপিউটারের উপর এক ফ্রি ওয়ার্কশপের আয়োজন করে।

ওয়ার্কশপের আলোচ্য বিষয় ছিল 'ওয়ার্ড প্রসেসিং'। মূল বক্তা ছিলেন বেক্সিমকো মিডিয়া লিঃ-এর এসিসটেন্ট ম্যানেজার জনাব কে. এস. আমীন। তিনি ওয়ার্ড প্রসেসিং ও তার সাথে সংশ্লিষ্ট কমপিউটারের অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করেন।

উল্লেখ্য যে, কমপিউটার টাচ প্রতিমাসে অন্তত: একটি কমপিউটার বিষয়ক ফ্রি ওয়ার্কশপের আয়োজন করে থাকে। ❀



*ব্রাহ্মণবাড়িয়ার কমপিউটার টাচে মাল্টিমিডিয়া কমপিউটার ব্যবহার করে বিনোদনের মাধ্যমে একজন শিক্ষার্থী প্রশিক্ষণ নিচ্ছে। এখানে মহিলা শিক্ষার্থীদের সংখ্যাই বেশি।*

একটি কমপিউটার জগৎ পত্রিকা আপনার হাতের কাছে থাকলে কমপিউটারের সমস্ত জগতটাকে আপনি হাতের মুঠোয় পাবেন।

## মিডিয়া প্রফেশনালদের জন্য গ্রামীণ সাইবারনেটের ডেমোনেস্ট্রেশন

৩০শে অক্টোবর গ্রামীণ সাইবারনেট বিভিন্ন সংবাদপত্র এবং সংবাদ মাধ্যমের পেশাজীবীদের জন্য ডেমোনেস্ট্রেশন আয়োজন করে।

সংবাদপত্র ও সংবাদ মাধ্যমের পেশাজীবীগণ উক্ত ডেমোনেস্ট্রেশন প্রত্যক্ষ করেন। ইন্টারনেট ব্যবহার করার ফলে বিভিন্ন সেক্টর কমিউনিকেশনের ক্ষেত্রে যে সুফল পেতে পারে তার সম্ভাবনা তুলে ধরা হয়। ইন্টারনেট ব্যবহার করে যে সমস্ত সার্ভিসসমূহ পাওয়া সম্ভব সেগুলোর উপর বিস্তারিত ব্যাখ্যা প্রদান করা হয় উক্ত অনুষ্ঠানে। স্যাটেলাইট কমিউনিকেশন, ভি-স্যাট ব্যবহার এবং কমপিউটারের মাধ্যমে কমিউনিকেশনের উপর হাতে-কলমে কর্মপদ্ধতি দেখানো হয়। সংবাদমাধ্যমসহ অন্যান্য সকল ক্ষেত্রে কমপিউটার কমিউনিকেশন সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রজেক্টর শো'এর মাধ্যমে উপস্থাপন করা হয়।

অনুষ্ঠানে গ্রামীণ সাইবারনেটের ব্যবস্থাপনা পরিচালক গোলাম মহিউদ্দিন, সিস্টেম ম্যানেজার আজহার এইচ চৌধুরী এবং মহাব্যবস্থাপক আশফাক আহমেদ খান বক্তব্য রাখেন। গোলাম মহিউদ্দিন বলেন গ্রামীণ সাইবারনেট কর্তৃক স্থাপিত ভি-স্যাট বর্তমানে প্রতি সেকেন্ডে ৬৪ কিলোবাইট পর্যন্ত ডাটা ট্রান্সফার করতে সক্ষম এবং সর্বোচ্চ ক্ষমতাসম্পন্ন ডিজিটালের আলফা সার্ভার বসানো হয়েছে যা অত্যন্ত উচ্চক্ষমতাসম্পন্ন। তিনি বলেন বর্তমানে ৩২টি টেলিফোন লাইনের মাধ্যমে তারা গ্রাহকদের সেবা প্রদান করে আসছেন এবং চাহিদার ভিত্তিতে প্রয়োজনমত তা বাড়ানো হবে।

আজহার এইচ চৌধুরী জানান, যদিও তাদের লাইন ৬৪ কেবিপিএস ক্ষমতার রয়েছে ডাটা কমপ্রেশনের মাধ্যমে প্রায় ৮০ কেবিপিএস ক্ষমতায় তা ব্যবহার করা সম্ভব।

আশফাক আহমেদ খান বলেন, বিনোদনসহ এমন কোন দিক নেই যা ইন্টারনেটের সুফল থেকে আদায় করা সম্ভব নয়। ব্যবসা, শিক্ষা, গবেষণা,বিনোদন সকল কাজের ক্ষেত্রে কমিউনিকেশনের বড় মাপের মাধ্যম হিসেবে ইন্টারনেটকে ব্যবহার করা সম্ভব।

অনুষ্ঠানে আলিয়াস ফ্রান্সেস-এ আয়োজিত গ্রামীণ সাইবার নেটের প্রদর্শনীতে অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে ঘোষিত র‍্যাফেল ড্রয়ের মাধ্যমে প্রাপ্ত পুরস্কার কমপিউটারও প্রদান করা হয়। ❀


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিক্ষামন্ত্রণালয়, ন্টামস অনুমোদিত প্রতিষ্ঠান

HIGHER DIPLOMA

COMPUTER SCIENCE

PACKAGE: WORD PERFECT, LOTUS, dBASE, FOXBASE, FOXPRO, QUATTRO-PRO, SPSS/PC+, MS WORD WITH WINDOWS, HARVARD GRAPHICS, D. T. P

PROGRAMMING: GWBASIC, QBASIC, PASCAL, FORTRAN, COBOL, CLIPPER, TURBO C++, AUTO CAD ★ SYSTEM ANALYSIS & DESIGN

HARDWARE: COMPUTER MAINTENANCE, TROUBLE SHOOTING, BASIC ELECTRONICS, HARDWARE REPAIRING & REPLACING, POWER SUPPLY, COMPUTER ASSEMBLING

NB. WE ARE THE OLDEST AND LARGEST COMPUTER INSTITUTION IN BANGLADESH AND WE HAVE NO BRANCH.

LINKS INTERNATIONAL COMPUTER COLLEGE

২০/২৫, নর্থ সাউথ রোড, সিদ্দিকবাজার নতুন রাস্তা, হাবিব মার্কেট, (৩য় তলা) ঢাকা- TEL. 9566192 FAX: 02-9557355

জ্ঞাতব্যঃ ভর্তি ফরম ও প্রসপেক্টাস প্রতিদিন অফিস চলাকালীন সময়ে (৯টা-৭টা) ২০ (বিশ) টাকার বিনিময়ে সংগ্রহ ও জমা দেওয়া যাবে। দূরের ছাত্রদের জন্য হোস্টেল আছে।

প্রিন্সিপাল

